

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
নগর উন্নয়ন অধিদপ্তর  
৮২, সেগুনবাগিচা, ঢাকা।  
ই-মেইলঃ director.udd1965@gmail.com  
[www.udd.gov.bd](http://www.udd.gov.bd)  
ফ্যাক্স : ৯৫৫৭৮৬৮

স্মারক নং-২৫.৪৫.০০০০.০০০.১২.০৫.০৪.১৫-

তারিখ : /১০/২০১৬ খ্রিঃ

প্রাপক :

প্রধান প্রকৌশলী  
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ  
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়  
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা-১২০৮।

দৃষ্টি আকর্ষণঃ প্রকল্প পরিচালক, ঢাকা খুলনা (এন-৮) মহাসড়কের যাত্রাবাড়ি ইন্টারসেকশন থেকে (ইকুরিয়া-বাবুবাজার লিংক সড়কসহ) মাওয়া পর্যন্ত এবং পাঁচর- ভাঙ্গা অংশ ধীরগতির যানবাহনের জন্য পৃথক লেনসহ ৬ লেনে উন্নয়ন শীর্ষক প্রকল্প।

বিষয় : ঢাকা খুলনা (এন-৮) মহাসড়কের যাত্রাবাড়ি ইন্টারসেকশন থেকে (ইকুরিয়া-বাবুবাজার লিংক সড়কসহ) মাওয়া পর্যন্ত এবং পাঁচর- ভাঙ্গা অংশ ধীরগতির যানবাহনের জন্য পৃথক লেনসহ ৬ লেনে উন্নয়ন শীর্ষক প্রকল্পের ভূমির অধিগ্রহণের লক্ষ্যে অনাপত্তি পত্র প্রদান প্রসঙ্গে।

সূত্র : ১। অত্র দপ্তরের স্মারক নং-২৫.৪৫.০০০০.০০০.১২.০৫.০৪.১৫-১৭৩১, তারিখঃ ১১/০৮/২০১৬ খ্রিঃ

২। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের স্মারক নং-২৫.০০.০০০০.০১৯.০১.০১০.২০১১.৪৯৭; তাং- ০৩/০৮/২০১৬ খ্রিঃ।

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, ঢাকা খুলনা (এন-৮) মহাসড়কের যাত্রাবাড়ি ইন্টারসেকশন থেকে (ইকুরিয়া-বাবুবাজার লিংক সড়কসহ) মাওয়া পর্যন্ত এবং পাঁচর- ভাঙ্গা অংশ ধীরগতির যানবাহনের জন্য পৃথক লেনসহ ৬ লেনে উন্নয়ন শীর্ষক প্রকল্পের ভূমির অধিগ্রহণের লক্ষ্যে ঢাকা জেলার ডেমরা উপজেলাধীন বিভিন্ন মৌজায় ১৯.৩৭৯ একর এবং মুন্সিগঞ্জ জেলার সিরাজদিখান ও শ্রীনগর উপজেলাধীন বিভিন্ন মৌজায় ২.৬৭২ একর জমি অধিগ্রহণ অনাপত্তি পত্র প্রদানের জন্য প্রয়োজনীয় তথ্য ও নকশাদি চেয়ে ১নং স্মারকের মাধ্যমে পত্র প্রেরণ করা হয়েছিল কিন্তু অদ্যাবধি কোন তথ্য ও নকশা অত্র অধিদপ্তরে পৌছায় নাই। ফলশ্রুতিতে, অত্র অধিদপ্তরের পক্ষে জমি অধিগ্রহণ ছাড়পত্র প্রদান করার সুবিধার্থে নিম্নলিখিত কাগজপত্র, নকশা ও তথ্যাদি জরুরীভাবে অত্র দপ্তরে প্রেরণের জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলোঃ

- ১। আর.এস মৌজা ম্যাপের উপর সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত প্রস্তাবিত জমির দাগ সূচীসহ সাইট প্ল্যান প্রস্তুতকৃত নকশা।
- ২। আর.এস দাগসূচী ও জমির পরিমানসহ প্রশাসনিক অনুমোদনের সত্যায়িত অনুলিপি।
- ৩। প্রত্যাপী সংস্থা কর্তৃক মামলা সংক্রান্ত প্রত্যয়ন পত্র।
- ৪। Detailed Area Plan (DAP) of RAJUK এর রঙ্গীন ম্যাপের উপর দাগ চিহ্নিত পূর্বক প্রস্তুতকৃত নকশা।
- ৫। রাজউক কর্তৃক প্রদত্ত সংশ্লিষ্ট ভূমি অধিগ্রহণ অনাপত্তির ছাড়পত্র।

সংযুক্তিঃ বর্ণনামতে।

স্বাঃ

(শাহীন আহমেদ)

সিনিয়র প্ল্যানার (টাউন প্ল্যানিং)

নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা

ফোন : ৯৫৫৪৯২৫

তারিখ : ৩০/১০/২০১৬ খ্রিঃ

স্মারক নং-২৫.৪৫.০০০০.০০০.১২.০৫.০৪.১৫-

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১। পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ২। উপ-পরিচালক (ভৌত পরিকল্পনা), নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ৩। উপ-সচিব, জিএফডিপি অধিশাখা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা-১২০৮।
- ৪। সিনিয়র সহকারী সচিব, প্রশাসন শাখা-৬, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। জনাব মাকসুদ হাসেম, সিনিয়র প্ল্যানার ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার অনুরোধসহ)।
- ৬। সিনিয়র প্ল্যানার (টাউন প্ল্যানিং) এর মাস্টার ফাইল।
- ৭। অফিস কপি।

Shahin Ahmed  
(শাহীন আহমেদ)  
31/10/16

সিনিয়র প্ল্যানার (টাউন প্ল্যানিং)

নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা